

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৩৭

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ রম্যানের চাঁদ দেখার ব্যাপারে যদি একজন ন্যায়নিষ্ঠ ব্যক্তি সাক্ষ্য দেয়, তবে তার সাক্ষ্য গ্রহণ করার ব্যাপারে বর্ণনা

ذِكْرُ إِجَازَةِ شَهَادَةِ الشَّاهِدِ الْوَاحِدِ إِذَا كَانَ عَدْلًا عَلَى رُوْيَةِ هِلَالِ رَمَضَانَ

## আরবী

3437 \_ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ عَلِيٍّ عَنْ رَائِدَةَ عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ عَنْ عِكْرِمَةَ: عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: جَاءَ إِلَى النَّبِيِّ صَلَّى عَنْ زَائِدَةَ عَنْ سِمَاكِ بْنِ حَرْبٍ عَنْ عِكْرِمَةَ: عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: جَاءَ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَعْرَابِيُّ فَقَالَ: أَبْصَرْتُ الْهِلَالَ اللَّيْلَةَ فَقَالَ:

(تَشْهَدَ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَأَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ؟) قَالَ: نَعَمْ قَالَ: (قُمْ يَا فُلَانُ فَنَادِ فِي النَّاسِ فَلْيَصنُومُوا غَدًا)

وَأَخْبَرَنَاهُ أَبُو يَعْلَى مَرَّةً أُخْرَى وَقَالَ: (قُمْ يَا بِلَالُ)

الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3437 | خلاصة حكم المحدث: ضعيف \_ ((ضعيف أبي داود)) (402 \_ 402) , ((الإرواء)) (907).

## বাংলা

৩৪৩৭. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "এক বেদুঈন ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে এসে বলেন, "আমরা গতরাতে (রমযানের) চাঁদ দেখেছি।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁকে বলেন, "তুমি কি সাক্ষ্য দাও যে, আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই এবং মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর বান্দা ও রাসূল?" জবাবে তিনি বলেন, "জ্বী, হ্যাঁ।" তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "হে ওমুক, দাঁড়াও। লোকদের মাঝে ঘোষনা দাও, তারা যেন আগামীকাল সিয়াম পালন করে।"

আবৃ ইয়ালা আমাদেরকে অন্য সময়ে এভাবে হাদীস বর্ণনা করেছেন। তিনি বলেছেন, "হে বিলাল, দাঁড়াও।"[1]



## ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৬৮; মুসনাদ আবূ ইয়ালা: ২৫২৯; আবূ দাউদ: ২৩৪০; নাসাঈ: ৪/১৩২; তিরমিযী: ৬৯১; দারেমী: ২/৫; সহীহ ইবনু খুযাইমাহ: ১৯২৪; তাহাবী, মুশকিলুল আসার: ৪৮২; ইবনুল জারুদ: ৩৮০; হাকিম: ১/৪২৪; সুনান বাইহাকী: ৪/২১১; দারাকুতনী: ২/১৫৮; ইবনু মাজাহ: ১৬৫২; বাগাবী: ১৭২৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৩৪২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। (যঈফ আবূ দাউদ: ৪০২)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন